

## স্বার্ব জন্য ভ্যাকসিনেশন

+ স্কু শট

+ Pfizer এবং J&J  
COVID-19 ভ্যাকসিন

- প্রাপ্তবয়স্কদের ডোজ সমূহ
- 5 বছর বা তার বেশি বয়সী শিশুদের  
ডোজ সমূহ
- তৃতীয় ডোজ সমূহ
- বুস্টার সমূহ

### যোগ্য ব্যক্তিদের জন্য এখানে পাওয়া যাচ্ছে

COVID-19 এবং স্কু মৌসুম একসাথে হওয়ায়, নিজেকে এবং  
প্রিয়জনকে অসুস্থ হওয়া থেকে রক্ষা করা আগের চেয়ে অনেক বেশি  
গুরুত্বপূর্ণ।

COVID-19 এবং স্কু ভ্যাকসিনগুলি অসুস্থতা, হাসপাতালে ভর্তি  
এবং এমনকি মৃত্যুর ঝুঁকি কমাতেও নিরাপদ এবং অত্যন্ত কার্যকর।

আপনার নিজের পকেট থেকে কোন খরচ ছাড়াই একই সাথে আপনি  
COVID-19 ভ্যাকসিন এবং স্কু শট নিতে পারবেন।

আপনার জন্য কোন ভ্যাকসিনটি সর্টিক মে সম্পর্কে  
আরও জানুন। QR কোডটি স্ক্যান করুন বা কল করুন  
**1-844-NYC-4NYC** (1-844-692-4692)  
নথরে।

COVID-19  
ভ্যাকসিনগুলি সম্পর্কে  
আরও জানুন  
জানুন



স্কু ভ্যাকসিনগুলি সম্পর্কে  
আরও জানুন



# ফ্লু এবং COVID-19-এর জন্য কার ভ্যাকসিন নেওয়া উচিত?



## ইন্ফ্লুয়েণ্স (ফ্লু) ভ্যাকসিন

ছয় মাস বা তার বেশি বয়সের প্রত্যেকেরই প্রতি বছর একটি মৌসুমী ইন্ফ্লুয়েণ্স (ফ্লু) টিকা নেওয়া উচিত, বিশেষ করে:

- + 2 বছরের কম বয়সী শিশু
- + 65-এর অধিক বয়সী মানুষ
- + যারা গর্ভবতী বা সম্প্রতি জন্ম দিয়েছেন
- + যাদের ডায়াবেটিস, হাঁপানি, হনোগ বা এইচআইডির মত মেডিকেল কন্ডিশন রয়েছে
- + স্বাস্থ্যসেবা কর্মী এবং মানুষের শুরুমাকারীগণ সহ অপরিহার্য কর্মীরা, যারা অসুস্থ হওয়ার উচ্চ ঝুঁকিতে রয়েছে। যারা শিশুদের, বিশেষ করে ছয় মাসের কম বয়সী নবজাতকদের সেবা দেন তাদের ফ্লুর টিকা নেওয়া উচিত।

## COVID-19 ভ্যাকসিন

বেশিরভাগ জনসাধারণ এখন একটি COVID-19 ভ্যাকসিন পাওয়ার যোগ্য:

- + 5 থেকে 11 বছর বয়সী লোকেরা দুটি পেডিয়াট্রিক ডোজ (Pfizer-BioNTech-এর এক তৃতীয়াংশ সঞ্চয়তার) পেতে পারে
- + 12 বছর বা তার বেশি বয়সের লোকেরা Pfizer-BioNTech ভ্যাকসিনের দুটি ডোজ পেতে পারে
- + 18 বছর বা তার বেশি বয়সের লোকেরা Moderna-এর দুটি ডোজ, বা Johnson & Johnson/Janssen-এর একটি ডোজ পেতে পারে

## Pfizer বা Moderna COVID-19 ভ্যাকসিনের 3য় ডোজ

কমপক্ষে 28 দিন আগে COVID-19 ভ্যাকসিনের তৃতীয় ডোজ পাওয়া, এবং কোনও শারীরিক সমস্যা কিংবা চিকিৎসাগত কারণে দুর্বল রোগ প্রতিরোধ ব্যাবস্থা সম্মত ব্যক্তিদের জন্য তৃতীয় ডোজ পাওয়া যাচ্ছে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে:

- + ক্যান্সারের সক্রিয় চিকিৎসা
- + রোগ প্রতিরোধ ব্যাবস্থার শক্তি হ্রাসকারী অঙ্গ প্রতিস্থাপন এবং ওষুধ
- + বিগত 2 বছরের মধ্যে স্টেম সেল প্রতিস্থাপন
- + মাঝারি বা গুরুতর প্রাথমিক ইমিউনোডিফিসিয়েন্সি
- + এডভান্সড বা চিকিৎসা না করা এইচআইডি
- + রোগ প্রতিরোধ স্ফুর্তাকে মাঝারি বা গুরুতরভাবে দুর্বল করে দেয় এমন কার্টিকোস্টেরয়েড বা অন্যান্য ওষুধের উচ্চ মাত্রায়ে সক্রিয় চিকিৎসা।

Pfizer-এর 3য় ডোজ পেতে হলে আপনার বয়স 12 বা তার বেশি হতে হবে এবং Moderna-এর 3য় ডোজ পেতে 18 বা তার বেশি হতে হবে। ডায়াবেটিস, হনোগ বা ফুসফুসের রোগের মতো অন্যান্য শারীরিক সমস্যা সম্মত বেশিরভাগ মানুষের জন্য তৃতীয় ডোজ সুপারিশ করা হয় না।

## COVID-19 বুস্টার ডোজ - Pfizer 3 Moderna ভ্যাকসিন গ্রহীতাগণ

16 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকেরই প্রাথমিক COVID-19 ভ্যাকসিন সিরিজের তৃতীয় ডোজ নেওয়ার অন্তত 6 মাস পর একটি বুস্টার শট নেওয়া উচিত।

যে সকল ব্যক্তিরা Pfizer বা Moderna ভ্যাকসিনের দুটি করে শট পেয়েছেন তাদের বুস্টার হিসেবে প্রে একই ভ্যাকসিন নেওয়ার চেষ্টা করা উচিত, তবে মার্কিন যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিনি ধরনের ভ্যাকসিনের মধ্যে যেকোনো একটিতে পরিবর্তন করার সুযোগ রয়েছে।

16-17 বছর বয়সী মেসব ব্যক্তিরা হ্যান্ড মাস বা তারও আগে Pfizer-এর প্রাথমিক সিরিজের ভ্যাকসিন পেয়েছিলেন তারাই কেবল Pfizer-এর বুস্টার শট পাওয়ার যোগ্য। 5-15 বছর বয়সী ব্যক্তিরা বৰ্তমানে বুস্টার শটের যোগ্য নয়।

## COVID-19 বুস্টার ডোজ - Johnson & Johnson ভ্যাকসিন গ্রহীতাগণ

18 বছর বা তার বেশি বয়সী প্রত্যেকেরই একক ডোজের প্রাথমিক COVID-19 ভ্যাকসিন পাওয়ার অন্তত দুই মাস পরে একটি বুস্টার শট নেওয়া উচিত। একটি বুস্টার শট মার্কিন যুক্তরাষ্ট্রে অনুমোদিত তিনি ধরনের ভ্যাকসিনের যেকোনো একটি হতে পারে।

আপনি যদি নিশ্চিত না হন যে আপনি কোন ধরনের ভ্যাকসিন গ্রহণ করবেন, তাহলে ভ্যাকসিন সাইটে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারী বা ক্লিনিকাল কর্মীদের সাথে কথা বলুন।

NYC Health + Hospitals ব্যবস্থার হাসপাতালগুলি Pfizer এবং J&J ভ্যাকসিন প্রদান করে। NYC Health + Hospitals/Gotham Health সাইটগুলি Moderna ভ্যাকসিন প্রদান করে। অবস্থান সম্মূহের সম্পূর্ণ ভালিকার জন্য, আমাদের ওয়েবসাইটে ভিজিট করুন: [nychealthandhospitals.org](http://nychealthandhospitals.org)-এই ঠিকানায়।